

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭৫]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১১: 'আয়িশাহ্ (রাঃ) থেকে আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ مِنْهُ عَنْ عَائِشَةَ،

আরবী

أَخْبُرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِك، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: خَسَفَتِ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالنَّاسِ، فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ قَامَ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَسَجَدَ، ثُمَّ دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَسَجَدَ، ثُمَّ فَعَلَ ذَلِكَ فِي الرَّكُعةِ الْأُحْرَى مِثْلَ ذَلِكَ، ثُمَّ انْصَرَفَ وَقَدْ تَجَلَّتِ الشَّمْسُ، فَخَطَبَ النَّاسَ فَعَمَدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَحْسِفَانِ فَعَمَدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ لَا يَحْسِفَانِ لَمَوْتَ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَادْعُوا اللَّهَ عَزَّ وَجَلَّ وَكَبِّرُوا وَتَصَدَّقُوا ، ثُمَّ قَالَ: يَا أُمَّةَ مُحَمَّدٍ، مَا مِنْ أَحَدٍ أَغْيَرُ مِنَ اللَّهِ عَزَّ وَجَلَّ أَنْ يَرْنِيَ عَبْدُهُ أَوْ تَرْنِيَ أَمَتُهُ، يَا أُمَّةَ مُحَمَّدٍ، وَاللَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَصَحَكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا .

تخریج دارالدعوه: صحیح البخاری/الکسوف ۲ (۱۰۴۳)، صحیح مسلم/الکسوف ۱ (۹۰۱)، وقد أخرجم: سنن ابی داود/الصلاة ۲۲۵ (۱۱۹۱)، (تحفة الأشراف: ۱۷۱۴۸)، موطا امام مالک/الکسوف ۱ (۱)، سنن الدارمی/الصلاة ۱۸۷ (۱۵۷۰) (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1475 _ صحيح

বাংলা

১৪৭৪. কুতায়বাহ্ (রহ.) 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) -এর যুগে একবার



সূর্যগ্রহণ লাগল। তখন রসূলুল্লাহ (সা.) লোকেদের নিয়ে সালাত আদায় করলেন, তিনি দাঁড়ালেন এবং অনেকক্ষণ দাঁড়ালেন। তারপর রুকু করলেন এবং রুকু লম্বা করলেন, তারপর দাঁড়ালেন যার দাঁড়ানোকে লম্বা করলেন এবং তা ছিল পূর্ববর্তী দাঁড়ানো থেকে সংক্ষিপ্ত। তারপর রুকু করলেন এবং রুকু দীর্ঘায়িত করলেন, কিন্তু তা পূর্ববর্তী রুকু থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর মাথা উঠালেন ও সাজদাহ দিলেন, এরপর দ্বিতীয় রাকআতেও অনুরূপ করলেন। এভাবে সালাত শেষ করলেন। ইতোমধ্যে সূর্য আলোকিত হয়ে গেল। এরপর তিনি মানুষদের সম্মুখে খুৎবা দিলেন। তাতে আল্লাহ তা'আলার প্রশংসা এবং মহিমা প্রকাশ করলেন। এরপর বললেন, সূর্য এবং চন্দ্র আল্লাহ তা'আলার নিদর্শনসমূহের দু'টি নিদর্শন, কারও জন্ম মৃত্যুর কারণে তাদের গ্রহণ হয় না। অতএব, তোমরা যখন তা দেখবে তখন তোমরা আল্লাহ তা'আলার কাছে দু'আ করবে এবং তাকবীর বলবে ও সদাকাহ করবে। পরে তিনি বললেন, হে উন্মতে মুহাম্মাদী! আল্লাহ তা'আলার কোন বান্দা কিংবা কোন বান্দী ব্যভিচারে লিপ্ত হোকএ কাজ থেকে আল্লাহর চেয়ে কঠোর নিষেধকারী আর কেউ নেই। হে উন্মতে মুহাম্মাদী! আল্লাহর কসম। যদি তোমরা ঐ সকল বিষয়ে জানতে, যে বিষয়ে আমি জানি, তাহলে নিশ্বয় তোমরা কম হাসতে এবং অধিক কাঁদতে।

English

Another version narrated from Aishah

It was narrated from Hisham bin 'Urwah, from his father, that 'Aishah said: 'The sun was eclipsed during the time of the Messenger of Allah (**) and the Messenger of Allah (**) led the people in prayer. He stood for a long time, then he bowed for a long time, but it was shorter than the first standing, then he bowed for a long time but it was shorter than the first bowing. Then he stood up, then he prostrated, then he did the same in the second rak'ah, and when he finished the eclipse had ended. Then he addressed the people; he praised and glorified Allah (SWT), then he said: The sun and the moon are two of the signs of Allah (SWT). They do not become eclipsed for the death or birth of anyone. If you see that then call upon Allah (SWT), the Mighty and Sublime, and magnify Him, and give charity. Then he said: 'O Ummah of Muhammad! There is no one more jealous than Allah (SWT), the Mighty and Sublime, when his male or female slave commits zina. O Ummah of Muhammad! By Allah, if you knew what I know, you would laugh little and weep much.'

ফুটনোট

সহীহ: বুখারী ১০৪৪, মুসলিম ৯০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=89970}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন